

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিভিল সার্জনের কার্যালয়, পঞ্চগড়।

E-mail:-panchagarh@cs.dghs.gov.bd

স্মারক নং-সি,এস/পঞ্চ/২৪/প্রশাঃ/নিয়োগ-২০২৪/৪৮০

তারিখঃ ২৫/০৩/২০২৪ খ্রিঃ

**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখার ২১/০১/২০২৪ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৪০.১১.০২১.২৩.১৮৫ নং স্মারক মোতাবেক ছাড়পত্রের আলোকে সিভিল সার্জন, পঞ্চগড় ও তাঁর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত গুণ্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পাশে বর্ণিত শর্তে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিক এবং পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (<http://cspgr.teletalk.com.bd> ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(ক) সিভিল সার্জন, পঞ্চগড় ও তাঁর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহঃ-

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ স্কেল-১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বছর	০১ (এক)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test- এ উত্তীর্ণ হতে হবে।	১) সকল পদের ক্ষেত্রে শুধুমাত্র পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে স্বাস্থ্য সহকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড বা সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়ন এর পার্শ্ববর্তী ওয়ার্ড হতে নির্বাচন করা হবে।
২	পরিসংখ্যানবিদ গ্রেড-১৪ স্কেল-১০২০০-২৪৬৮০/-	১৮-৩০ বছর	০২ (দুই)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি খ) কম্পিউটার চালনায় দক্ষতা।	২) স্বাস্থ্য সহকারীর গুণ্য পদের তালিকা সিভিল সার্জন অফিস পঞ্চগড়, পঞ্চগড় জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং সকল উপজেলা পরিষদ এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
৩	স্বাস্থ্য সহকারী গ্রেড-১৬ স্কেল-৯৩০০-২২৪৯০/-	১৮-৩০ বছর	২৫ (পঁচিশ)	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৪	গাড়ী চালক গ্রেড-১৫/১৬ স্কেল-৯৭০০-২৩৪৯০/- স্কেল-৯৩০০-২২৪৯০/-	১৮-৩০ বছর	০২ (দুই)	ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা ৮ম শ্রেণী পাশ। খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালকা/ভাড়ী গাড়ী চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ যানবাহন চালনায় কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।	

(খ) নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-

- ১। সকল আবেদনকারী-১৮/০৪/২০২৪ খ্রিঃ তারিখে বয়সসীমা পদ অনুযায়ী বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা মোতাবেক হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারিরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি, নীতি ও কোটা অনুসরণ করতে হবে।
- ৪। উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে এবং আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।
- ৫। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করিলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

\*\*\* আবেদনের বিস্তারিত শর্তাবলী সিভিল সার্জন কার্যালয়ের ওয়েবসাইট (<https://cs.panchagarh.gov.bd>) অথবা <http://cspgr.teletalk.com.bd> এ বিজ্ঞপ্তিসহ প্রত্যেকসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে এবং সিভিল সার্জন কার্যালয়সহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

jobnewsbd24.com

(ডাঃ মোস্তফা জামান চৌধুরী)  
সিভিল সার্জন, পঞ্চগড়

সদস্য সচিব

CG-13132(9x4)

পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি জনবল নিয়োগ কমিটি, পঞ্চগড়।